



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)




স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-১৮/২২৩৫

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৫
২৩ জুলাই ২০১৮

বিজ্ঞপ্তি

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন জেডিসি, দাখিল এবং আলিম পরীক্ষায় কোন কোন কেন্দ্র কর্তৃপক্ষ বোর্ডের অনুমতি ব্যতীত ভেন্যু কেন্দ্র স্থাপন করে পরীক্ষা গ্রহণ করছেন যাহা পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন ১৯৮০ এর পরিপন্থী এবং একটি শাস্তিযোগ্য অপরাধ। এধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে সতর্ক করা হলো। কোন কেন্দ্রে এধরনের ঘটনা ঘটলে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের বিরুদ্ধে বিভাগীয় মামলাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। কোন কেন্দ্রে ধারণ ক্ষমতার অধিক পরীক্ষার্থী হলে জরুরী ভিত্তিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৩.০৭.১৮
(এস. এম. মোর্শেদ বিপুল)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮.

ই-মেইল: controller@bmeb.gov.bd